তারিখ ... 12 MAR 2016 ...
পৃষ্ঠা ...২... ৩ কলাম ... ৬ ......

দৈনিক
ইত্তেফাক

# রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বিরুদ্ধে নানা অভিযোগ

## ইউজিসিতে স্মারকলিপি প্রদান

■ রংপুর প্রতিনিধি

রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বিরুদ্ধে অনিয়ম, স্বেচ্ছাচারিতাসহ
নানা অভিযোগে গত রবিবার শিক্ষক সমিতি ও কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে
পৃথকভাবে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান
অধ্যাপক আবদুল মান্নান বরাবর স্মারকলিপি প্রদান করা হয়েছে। তবে গতকাল
বুধবার উপাচার্য নূর-উন-নবীর সাথে যোগাযোগ করা হলে তিনি সব অভিযোগ
অস্বীকার করেছেন। বিশ্ববিদ্যালয়টির শিক্ষক সমিতির সভাপতি ড. আর এম হাফিজুর
রহমান ও সাধারণ সম্পাদক তাবিউর রহমান প্রধান স্বাক্ষরিত স্মারকলিপিতে বলা
হয়, উপাচার্য ড. এ কে এম নূর-উন-নবীর ধারাবাহিক অনুপস্থিতি, শিক্ষার্থী-শিক্ষক,
কর্মকর্তা-কর্মচারীদের দাবির প্রতি উদাসীনতা এবং বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ ১৭টি
পদ আঁকড়ে থাকার কারণে একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমে চরম অচলাবস্থা
বিরাজ করছে। এর প্রতিকারের জন্য ইউজিসি'র হস্তক্ষেপ কামনা করা হয়েছে।
অভিযোগে আরো বলা হয়, গত তিন বছরে সিনেটের কোন্ সভা আহবান করেননি
উপাচার্য, সাবেক উপাচার্য কর্তৃক অননুমোদিত পদে নিয়োগকৃত ৩৩৮ জন কর্মকর্তা-
কর্মচারীকে ইউজিসি'র অনুমোদিত পদে বর্তমান উপাচার্য ড. নূর-উন-নবী জ্যেষ্ঠতা
লংঘন করে পদায়ন করেছেন। তিনি দায়িত্ব গ্রহণের পর থেকে ৩০টির মতো ঘটনায়
তথ্যানুসন্ধান কমিটি গঠিত হলেও এর পরে কী ঘটেছে জানা যায়নি। গত বুধবার
উপাচার্য নূর-উন-নবীর সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, অনিয়ম-দুর্নীতি করি
না বলেই তাদের সমস্যা হয়েছে। ব্যবসা বন্ধ হয়েছে। বিশ্ববিদ্যালয়টি সচল রাখার
ক্ষেত্রে আমি আমার চেষ্টা চালিয়ে যাচ্ছি। সাবেক উপাচার্যের অনিয়ম-দুর্নীতি,
ক্ষমতার অপব্যবহারের দায় আমার উপরেই চাপানোর অপচেষ্টা চালানো হচ্ছে।